



# S M U G

## SWEATER LIMITED

100% Export Oriented Sweater Manufacturer

Address : Talepara, Chandona, Gazipur-1702, Bangladesh

Tel : 880-2-9264079, 9264090, Fax : 880-2-9263928, E-mail : info@evasweater.com

### নিয়োগ নীতিমালা

#### RECRUITMENT POLICY

#### ২.২.৩ বিভাগীয় প্রধান (সংশ্লিষ্ট বিভাগ):

- নিয়োগ সংক্রান্ত কাজে সংশ্লিষ্ট সকল বিভাগীয় প্রধানগণ ও কর্মকর্তারা কোম্পানীর নিয়োগ নীতি বাস্তবায়নের জন্য বিভাগীয় প্রধান (এইচ আর এন্ড এডমিন) কে সহযোগিতা করবেন এবং সংশ্লিষ্ট সবলে নিশ্চিত করবেন যে কারখানায় কোন শিশু শ্রমিক নেই।

#### ২.২.৪ নিবাহী (এডমিন এন্ড এইচ আর):

- শ্রমিক নিয়োগের সময় যথাযথভাবে নিয়োগ নীতি অনুসরণ করবে।
- ফ্লোর থেকে প্রাপ্ত অভিযোগ তৎক্ষণিক সমাধান করা এবং প্রয়োজনে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাহায্য গ্রহণ।

#### ২.২.৫ নিরাপত্তা বিভাগ:

- নিরাপত্তা বিভাগের সদস্যগণ ফ্যাক্টরীর প্রধান গেটে নিশ্চিত করবে যে কারখানায় কোন শিশু শ্রমিক প্রবেশ করে নাই। এই জাতীয় কোন সমস্যার উদ্ভব হলে তৎক্ষণাত প্রশাসনিক বিভাগে জানাতে হবে এবং প্রশাসনিক বিভাগের দেয়া নির্দেশনা অনুযায়ী পরবর্তী পদক্ষেপ নিতে হবে।

#### ২.২.৬ মেডিকেল বিভাগ:

- কারখানার নিয়োগকৃত রেজিস্টার্ড চিকিৎসক শ্রমিক নিয়োগের সময় প্রত্যেকটি প্রার্থীকে আলাদাভাবে যাচাই বাছাই করবে এবং শারীরিক সক্ষমতা ও বয়স নিরূপণের ফরম পূরণ করে স্বাক্ষর ও সীল সম্বলিত সনদ প্রদান করবে।

#### ২.২.৭ কল্যান কর্মকর্তা:

- নিয়োগ প্রদানের পর নির্বাচিত কর্মীদের নিম্নলিখিত বিষয়গুলির উপর প্রশিক্ষণ প্রদান করা হয়:
  - ক) কোম্পানীর নিয়মনীতি সম্পর্কে ধারণা দেয়া হয়।
  - খ) স্বাস্থ্য বিধি এবং নিরাপত্তা বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়।
  - গ) শ্রমিকদের অধিকার, শ্রম আইন, ছুটির পদ্ধতি, মজুরীর হিসাব, আত্মরক্ষামূলক সরঞ্জামাদী ব্যবহার পদ্ধতি বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়।

#### ২.২.৮ পে-রোল বিভাগ:

- নিয়োগ প্রদানের পর নির্বাচিত কর্মীদের নাম এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্য পে-রোল ডেটা-বেজ সংযোজন করে এবং কর্মীর হাজিরা ও বেতন নিশ্চিত করার প্রয়োজনীয় কারিগরী কার্য সম্পাদন করে।

